গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুলাউড়া, মৌলভীবাজার
www.kulaura.moulvibazar.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৬.৫৮৬৫.০০২.০৬.০০১.২৪- ১৩৯৮ তারিখ: ০২ ভাদ্র ১৪৩৩ / ১৭ আগস্ট ২০২৬

## ''নিলাম বিজ্ঞপ্তি''

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদের আবাসিক "চামেলী" ভবনটি ব্যবহারের অনুপযোগী হওয়ায় নিলামে বিক্রয়ের জন্য স্থানীয় সরকার বিভাগের ০১/০৩/২০২৬ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.০১৮.৩৩৬. ২৫-৬২৪ নম্বর স্মারকমূলে "চামেলী" ভবনের প্রাক্কলিত মূল্য ৪,০৪,০১৫/- (চার লক্ষ চার হাজার পনের) টাকা প্রশাসনিক অনুমোদনপ্রাপ্ত হওয়ায় এবং জেলা প্রশাসক, মৌলভীবাজার মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখার ০৩/০৩/২০২৬ তারিখের ০৫.৪৬.৫৮০০.০০০.০১২.২৭. ০০০১.২৬-৫৬ নম্বর স্মারকের নির্দেশনা মোতাবেক আগামী ৩১/০৮/২০২৬ তারিখ রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রকাশ্যে নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। আগ্রহী ব্যক্তিগণকে নির্ধারিত তারিখ ও সময়ে নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

### শর্তাবলী

১। নিলাম কমিটির সম্মুখে নিলাম অনুষ্ঠিত হবে।
২। নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে ডাককারীকে নিলামকৃত অবকাঠামো সরেজমিনে দেখে নিতে হবে।
৩। আগ্রহী প্রার্থীগণ নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে ৩১/০৮/২০২৬ তারিখ সকাল ১১.০০ ঘটিকার মধ্যে ''চামেলী'' ভবনের জন্য ১০% জামানত হিসেবে ৪০,৪০২/- (চল্লিশ হাজার চারশত দুই) টাকা পে-অর্ডারের (ফেরতযোগ্য) মাধ্যমে জমা প্রদান করে নাম-ঠিকানা অন্তর্ভূক্ত করতে হবে।
৪। সর্বোচ্চ ডাককারীকে নিলাম ডাকের সমুদয় অর্থ এবং বিধি মোতাবেক নিলামকৃত মুল্যের ১৫% ভ্যাট ও ১০% আয়করসহ নিলাম ডাকের দিন জমা প্রদান করতে হবে।
৫। ডাকে অংশগ্রহণকারীগণ বাংলাদেশের নাগরিক হতে হবে এবং জাতীয় পরিচয়পত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।
৬। অংশগ্রহণকারীকে হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিন ও ভ্যাট এর কপি জমা দিতে হবে।
৭। কার্যাদেশ প্রাপ্তির পর নির্ধারিত তারিখের মধ্যে অবকাঠামো অপসারণ না করলে নিলাম কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে এবং জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে।
৮। অপসারণের পর অবকাঠামোর স্থানটি সমান ও ব্যবহারযোগ্য করতে হবে।
৯। নিলামকৃত ভবনটি অপসারণের সময় অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে। কোন ধরনের দুর্ঘটনা ঘটলে তার দায় নিলাম গ্রহণকারীর উপর বর্তাবে।
১০। ভবন অপসারণের কার্যক্রম কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী করতে হবে।
১১। সর্বোচ্চ দরদাতা তাঁর প্রতিনিধি ও শ্রমিকদের পূর্ণ বিবরণ নিলাম কমিটির নিকট দাখিল করবেন। তাঁর নিযুক্ত প্রতিনিধি ও শ্রমিক কোন বেআইনী কাজ করলে নিলাম গ্রহণকারী সম্পূর্ণভাবে দায়ী থাকবেন।
১২। উপরোক্ত শর্তাবলীতে উল্লেখ নেই অথচ আইন দ্বারা সিদ্ধ এমন শর্তাবলী নিলামকারী মেনে চলতে বাধ্য থাকবেন।
১৩। নিলাম ডাক গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৭/০৮/২৬
(সানজিদা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা পরিষদের পুরাতন ভবন নিলাম কমিটি
কুলাউড়া, মৌলভীবাজার

স্মারক নম্বর- ০৫.৪৬.৫৮৬৫.০০২.০৬.০০১.২৪- ১৩৯৮ তারিখ: ১৭/০৮/২০২৬ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। জেলা প্রশাসক, মৌলভীবাজার
২। উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার
৩। প্রশাসক, উপজেলা পরিষদ, কুলাউড়া, মৌলভীবাজার
৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মৌলভীবাজার
৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কুলাউড়া। বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ
৬। অফিসার ইনচার্জ, কুলাউড়া থানা। ধার্য্য তারিখে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের অনুরোধসহ
৭। উপজেলা.............................. অফিসার (সকল), কুলাউড়া, মৌলভীবাজার।
৮। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), কুলাউড়া, মৌলভীবাজার।
৯। সভাপতি/সম্পাদক,...................................... কুলাউড়া।
১০। উপজেলা আইসিটি অফিসার, কুলাউড়া, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১৭/০৮/২০২৬
(প্রীতম সিকদার জয়)
উপজেলা প্রকৌশলী
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদের পুরাতন ভবন নিলাম কমিটি
কুলাউড়া, মৌলভীবাজার

Scanned with CamScanner